বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/নিয়োগ/২০২১/২৬-২৯/১৩৪২

তারিখঃ ৭ অগ্রহায়ণ ১৪২৮ / ২২ নভেম্বর ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এ নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র.	পদের নাম, বেতন স্কেল ও বিভাগের নাম	পদের সংখ্যা		যোগ্যতা
১.	অধ্যাপক/সহযোগী অধ্যাপক ৫৬৫০০-৭৪৪০০/৫০০০০-৭১২০০	অধ্যাপক	সহযোগী অধ্যাপক	**অধ্যাপক** (ক) উচ্চতর শিক্ষাগত যোগ্যতা এবং অত্যন্ত বিদ্বান হিসেবে সুখ্যাতি অর্জনকারী প্রার্থীর কমপক্ষে ১২ বছরের শিক্ষকতার অথবা পেশাগত অভিজ্ঞতা যার মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে ৫ বছর চাকুরী করার অভিজ্ঞতা থাকতে হবে। (খ) প্রার্থীর গবেষণা কর্মের মানসম্পন্ন প্রকাশনা এবং গবেষণাকর্ম পরিচালনার দক্ষতা থাকতে হবে । (গ) অসাধারণ যোগ্যতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে উল্লিখিত যোগ্যতার যেকোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। **সহযোগী অধ্যাপক** ক) পিএইচডি ডিগ্রীধারীর সাত বছর শিক্ষকতার অথবা পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহকারি অধ্যাপক হিসেবে ০৪ বছরের চাকুরির অভিজ্ঞতা আবশ্যক। অথবা এমফিল ডিগ্রীধারীদের জন্য ০৯ বছরের শিক্ষকতার অথবা গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে সহকারি অধ্যাপক/সিনিয়র সায়েন্টিফিক অফিসার অথবা সমমানের পদে ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। খ) প্রার্থীর মানসম্পন্ন জার্নালে ০৬টি প্রকাশনা থাকতে হবে। গ) বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যে কোন ১টি শর্ত শিথিল করা যেতে পারে। **সহকারি অধ্যাপক** ক) প্রভাষক পদে প্রার্থীতার জন্য যে যোগ্যতা তা থাকতে হবে। (খ) স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে তিন বছর শিক্ষকতা অথবা অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠানে তিন বছর গবেষণার অভিজ্ঞতা অথবা স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতা ও অনুমোদিত গবেষণা প্রতিষ্ঠানে চাকুরী করার মোট ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা প্রভাষক পদের যোগ্যতাসহ যাদের এমফিল ডিগ্রী আছে তাদের এক বছর শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। অথবা প্রভাষক পদের যোগ্যতাসহ পিএইচডি বা ইউরোপ, অস্ট্রেলিয়া ও উত্তর আমেরিকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে এমফিল, এমলিট ডিগ্রী থাকলে প্রার্থীদের সহকারী অধ্যাপক পদে নিয়োগ দেয়া যেতে পারে। **প্রভাষক** (ক) প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। (খ) প্রভাষক পদে প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অনার্স এবং মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা ৪ স্কেলে ন্যূনতম জিপিএ ৩.৫ থাকতে হবে। (গ) উচ্চতর ডিগ্রীধারী ও গবেষণাকর্মে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। ** এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রথম শ্রেণী অথবা ৫.০০ স্কেলে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে ।
ক)	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং		০১	
খ)	পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা		০১	
গ)	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং		০১	
ঘ)	মার্কেটিং		০১	
ঙ)	আন্তর্জাতিক সম্পর্ক		০১	
চ)	ইংরেজি	০১	০১	
২.	সহকারি অধ্যাপক/প্রভাষক ৩৫৫০০-৬৭০১০/২২০০০-৫৩০৬০	সহকারি অধ্যাপক	প্রভাষক	
ক)	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং		০১	
খ)	মনোবিজ্ঞান		০২	
গ)	ফিন্যান্স এন্ড ব্যাংকিং		০১	
ঘ)	অর্থনীতি		০১	
ঙ)	ইংরেজি	০১	০১	
চ)	রসায়ন		০১	
	পদের নাম, বেতন স্কেল ও বয়সসীমা	**পদের সংখ্যা**		
৩.	বৈজ্ঞানিক কর্মকর্তা (২২০০০-৫৩০৬০) সর্বোচ্চ বয়সসীমা ঃ (৩২ বছর)	০১		(ক) প্রার্থীকে অবশ্যই বিজ্ঞান বিষয়ে অনার্সসহ মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। (খ) প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অনার্স এবং মাস্টার্স পরীক্ষায় যেকোন একটিতে কমপক্ষে প্রথম শ্রেণী থাকতে হবে। (গ) শিক্ষা জীবনে প্রাপ্ত ডিগ্রীর কোন পর্যায়েই তৃতীয় বিভাগ বা ৩.০০ এর নিচে জিপিএ গ্রহণযোগ্য হবে না।
৪.	অটো মোবাইল ইঞ্জিনিয়ার (১৬০০০-৩৮৬৪০) সর্বোচ্চ বয়সসীমা ঃ (৩২ বছর)	০১		(ক) প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হতে অটোমোবাইল/মেকানিক্যাল/সমমান টেকনোলজীতে ডিপ্লোমা ডিগ্রী থাকতে হবে। যানবাহন রক্ষণাবেক্ষনের ও ব্যবস্থাপনার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যেতে পারে। অথবা (খ) প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হইতে সংশ্লিষ্ট বিষয়ে এইচএসসি (ভোকেশনাল)/এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশসহ কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারী/আধাসরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিষয়ে ০২ (দুই) বছর মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকতে হবে এবং গাড়ী মেরামত ও রক্ষনাবেক্ষনের কাজে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫.	অফিস সহকারি কাম টাইপিস্ট (৯৩০০-২২৪৯০) সর্বোচ্চ বয়সসীমাঃ (৩২ বছর)	০৭		(ক) কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হতে এইচ,এস,সি বা সমমানের পরীক্ষায় পাশসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হতে কম্পিউটার প্রশিক্ষণ কোর্স/কম্পিউটার সায়েন্সে ডিপ্লোমাসহ কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ গতি থাকতে হবে। (খ) কোন বিশ্বদ্যিালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (গ) এমএস অফিস ও কম্পিউটার রক্ষণাবেক্ষণে পারদর্শী ও অফিস সংক্রান্ত কাজে অধিক অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। ** কারিগরি বোর্ড, যুব উন্নয়ন অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সিড ফাউন্ডেশন এর সনদধারীরা অগ্রাধিকার পাবেন।
৬.	মোয়াজ্জিন (৯৩০০-২২৪৯০) সর্বোচ্চ বয়সসীমা ঃ (৩২ বছর)	০১		আলিম অথবা সমমান পাশ। সুমিষ্ট কেরাত পাঠের অধিকারী হতে হবে। হাফেজ ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৭.	অফিস সহায়ক/মেসেঞ্জার (৮২৫০-২০০১০) সর্বোচ্চ বয়সসীমা ঃ (৩২ বছর)	০৭		কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমান পাশ। সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
৮.	সহকারি কুক (অফিস সহায়ক পদের বিপরীতে) (৮২৫০-২০০১০) সর্বোচ্চ বয়সসীমা ঃ **৩২ বছর**	০১		৮ম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা।

- বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে প্রথম শ্রেণীর চাকুরি গণনায় দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা পদে চাকুরিকালের অর্ধেক বিবেচ্য হবে। অধিকতর যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সের শর্তটি শিথিলযোগ্য।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত আবেদনের শেষ তারিখে বয়স গণনা করতে হবে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

শর্তাবলী ঃ

১) প্রত্যেক পদে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।

২) আবেদন ফর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং নিয়োগের অন্যান্য শর্তাবলী অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrstu.edu.bd থেকে সংগ্রহ করতে হবে।

৩) ০১ থেকে ০৪ নং পদের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) এবং ০৫ থেকে ০৭ নং পদের জন্য ৬০০ (ছয়শত) টাকা অগ্রণী ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং ০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেমুরবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মুল অংশ ১টি A4 সাইজের সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মুল কপির সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে জমা ভাউচারের স্ক্রল নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র অবশ্যই A4 সাইজের খামে জমা দিতে হবে।

৪) আবেদনকারীদেরকে ০৮(আট) কপি আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফর্মের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, পজিশনের প্রমানপত্র, অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), জাতীয়তার সনদ ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৫) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে প্রতিটি আবেদন ফর্মে লাগাতে হবে।

৬) কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনস্কেল উল্লেখপূর্বক), ও আনুসঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।

৭) আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর অনুকূলে পৌছানোর শেষ তারিখ ২২/১২/২০২১ বিকাল ৫-০০ ঘটিকা।

৮) কুরিয়ার সার্ভিস/ ডাক বিভাগের বিলম্বের জন্য কর্তৃপক্ষ কোন ভাবেই দায়ী থাকবে না।

৯) প্রার্থীদের সাক্ষাৎকার/ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১০) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।

22/11/2021

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।